



# জাতীয় বিশ্ববিদ্যালয় বাংলাদেশ

স্মারক নং : জাতীয়বিঃ/পনি/জাতীয়বিঃ/পনি/অনার্স ১ম বর্ষ/৫৮৩২

তারিখ : ১৪/১০/২০২৪

## ২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার কেন্দ্রসমূহ নিম্নোক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ

ডিজিটাল প্রক্রিয়ায় পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কাজ (ফরম পূরণ, প্রবেশপত্র বিতরণ, হাজিরা প্রদান, উত্তরপত্রের নম্বর গ্রহণ এবং পরীক্ষার ফলাফল প্রস্তুতকরণ ইত্যাদি) সম্পাদনের নিমিত্তে জাতীয় বিশ্ববিদ্যালয়ের জন্য প্রস্তুতকৃত Examination Management System (EMS) Software-এর মাধ্যমে পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এ ব্যাপারে ২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় EMS Software ব্যবহার করে অ্যান্ড্রয়েড মোবাইল অ্যাপের মাধ্যমে ডিজিটাল হাজিরা গ্রহণ এবং অন্যান্য কার্যাবলী সম্পন্ন করার জন্য আপনাকে/কেন্দ্রের প্রধান/ভারপ্রাপ্ত কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকলকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানাচ্ছি।

EMS সফটওয়্যারের Center Panel এবং NU Invigilator App সমন্ধে আপনারা অবগত আছেন। ইতিপূর্বে অনার্স (১ম, ২য়, ৩য় ও ৪র্থ), মাস্টার্স ফাইনালসহ একাধিক প্রফেশনাল কোর্সের পরীক্ষা EMS Software-এর মাধ্যমে সম্পন্ন হয়েছে।

### EMS Software এর Center Panel এবং Invigilator App পরিচালনা, হাজিরা প্রেরণ ও অন্যান্য আনুষঙ্গিক নির্দেশাবলীঃ-

#### Center Panel:

- ১) পরীক্ষা শুরুর পূর্বেই অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা, পরীক্ষা পরিচালনা কমিটির সদস্য/কক্ষ পরিদর্শকের তথ্য EMS Software (ems.nu.ac.bd) এর কেন্দ্র প্যানেলে (center/regional center) ইনভিজিলেটর তৈরী করবেন এবং App Access দিয়ে নির্দিষ্ট পরীক্ষায় নিয়োজিত করবেন।
- ২) প্রতিটি কেন্দ্রের জন্য EMS Software-এর কেন্দ্র প্যানেলের User ID এবং Password থাকবে যা জাতীয় বিশ্ববিদ্যালয় হতে ইতিমধ্যে সরবরাহ করা হবে। User ID হিসেবে কলেজের ই-মেইল ব্যবহৃত হবে।
- ৩) অনুপস্থিত পরীক্ষার্থীদের রোল নাম্বার সেন্টার প্যানেল থেকে Absent Entry মেনুতে ক্লিক করে টাইপ করে সাবমিট করতে হবে।
- ৪) বহিষ্কৃত পরীক্ষার্থীর তথ্য Center Panel থেকে বিস্তারিত তথ্য দিয়ে ডাউনলোড করে পূর্বের নিয়মে পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে প্রেরণ করতে হবে।
- ৫) উপস্থিত এবং অনুপস্থিত পরীক্ষার্থীর তালিকা চূড়ান্ত করার পর TOP SHEET ডাউনলোড করা যাবে।
- ৬) টপশীট প্রিন্ট করে ০১(এক) কপি কেন্দ্রে সংরক্ষণ করবে এবং ০১(এক) কপি ই-টাইপের সঙ্গে প্রেরণ করতে হবে।

#### Invigilator App:

- ১) পরীক্ষা শুরুর কমপক্ষে ০১(এক) ঘণ্টা পূর্বে মোবাইল ডিভাইস অন করতে হবে এবং মোবাইলে পর্যাপ্ত চার্জ আছে কি-না দেখতে হবে। ডিভাইসে ইন্টারনেট সংযোগ চালু করতে হবে।
- ২) Invigilator App টি যে কোন অ্যান্ড্রয়েড মোবাইল ফোনের গুগল প্লে-স্টোরে “NU Invigilator” লিখে সার্চ দিলে ডাউনলোড এবং ইন্সটল করা যাবে। (iPhone ব্যতীত)
- ৩) কক্ষ পরিদর্শকের ইউজার আইডি (ই-মেইল ও পাসওয়ার্ড) দিয়ে ইনভিজিলেটর অ্যাপে লগ-ইন করবেন।
- ৪) লগ-ইন করার পর পরিদর্শক ইনভিজিলেটর অ্যাপে নির্ধারিত পরীক্ষা সিলেক্ট এবং রুম নাম্বার ত্রিফ্রেট করবেন।
- ৫) পরীক্ষা শুরুর পরপরই উত্তরপত্র এবং প্রবেশপত্রের QR Code উপর নিচ রেখে কক্ষ পরিদর্শক তার মোবাইল ফোনে ইন্সটল করা NU Invigilator App দিয়ে এক এক করে কক্ষে উপস্থিত থাকা সকল পরীক্ষার্থীর হাজিরা সংগ্রহ এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের সার্ভারে প্রেরণ করবেন। প্রয়োজনে কক্ষ পরিদর্শক জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধির সহযোগিতা নিতে পারবেন। পরীক্ষা চলাকালীন সময়ের মধ্যেই পরীক্ষার্থীর হাজিরার কাজ সম্পন্ন করতে হবে।
- ৬) অনুপস্থিত পরীক্ষার্থীদের রোল নম্বর রুম অনুযায়ী কক্ষ পরিদর্শক ইনভিজিলেটর অ্যাপের Absent Entry মেনুতে ক্লিক করে টাইপ করে সাবমিট করতে হবে।
- ৭) পূর্বের ন্যায় ম্যানুয়াল পদ্ধতিতেও হাজিরাশীটে পরীক্ষার্থীদের হাজিরা গ্রহণ, সংরক্ষণ এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করতে হবে।

মোবাইল দিয়ে হাজিরার কাজ ও Center Panel ব্যবহারে টেকনিক্যাল সহযোগিতায় সফটওয়্যার নির্মাতা প্রতিষ্ঠান/জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধির সাথে যোগাযোগ করা যেতে পারে।

#### ➤ প্রয়োজনে যোগাযোগ করুনঃ

১. এস এম তানভীর সিদ্দীকি, সফটওয়্যার ইঞ্জিনিয়ার, ইএমএস প্রজেক্ট : ০১৭০৩-৭২৫৮১৮
২. মোঃ মেহেদী হাসান, সফটওয়্যার ইঞ্জিনিয়ার, ইএমএস প্রজেক্ট : ০১৬৭৬-২২৭০১৯
৩. মোস্তাফিজুল ইসলাম রাস্তা, সফটওয়্যার ইঞ্জিনিয়ার, ইএমএস প্রজেক্ট : ০১৬০৯-৬০৫৪৯৪
৪. মোঃ ইব্রাহীম খন্দকার, এ্যাসিস্টেন্ট ম্যানেজার, ইএমএস প্রজেক্ট : ০১৭১০-৬৫৯০৬৮

পরীক্ষা গ্রহণ ও পরিচালনায় আপনার সার্বিক সহযোগিতা কামনা করছি।

পরীক্ষা নিয়ন্ত্রক  
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।  
ফোনঃ ০১৭১৩-০৪৪৪৫৫  
ই-মেইল: controller@nu.ac.bd